



কঞ্চিও কলম পদ্ধতিতে বাঁশ চাষ

সৌজন্যে – বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম, বাংলাদেশ


কঞ্চিও কলম সংগ্রহ

- কলম কাটার জন্য সুস্থ, সবল, অপেক্ষাকৃত মোটা আকৃতির এক বছরের কম বয়সের বাঁশ নির্বাচন করুন।
- বাঁশের গা ঘেঁষে আগুলের মত মোটা কঞ্চি হাত করাত দিয়ে কেটে সংগ্রহ করুন।
- কঞ্চির গোড়া থেকে ৩-৫ গিট বা দেড় হাত লম্বা করে কঞ্চি কলম কাটুন।
- সংগৃহীত কঞ্চিগুলি নার্সারির বেডে লাগানোর পূর্ব পর্যন্ত ভেজা চট দিয়ে মুড়িয়ে রাখুন অথবা জলে ভিজিয়ে রাখুন।
- কার্তিক থেকে মাঘ (অক্টোবর থেকে ফেব্রুয়ারির মাঝামাঝি) মাস বাদে সারা বছরই কঞ্চি কলম করা যায়। ফাল্গুন হতে আশ্বিন (ফেব্রুয়ারির মাঝামাঝি থেকে সেপ্টেম্বর) মাস কঞ্চি কলম কাটার উপযুক্ত সময়।




বালির বেড তৈরি

- ৪ ফুট চওড়া এবং প্রয়োজন মত লম্বা বালির বেড তৈরি করুন।
- বালির বেডের উচ্চতা বা পুরুত্ব কমপক্ষে ১০ ইঞ্চি হতে হবে।
- বালি সব রকমের আবর্জনা থেকে মুক্ত হবে।
- বালির বেডের ধার/কিনার বাঁধার জন্য চারিদিকিট বা তরজা ব্যবহার করুন অথবা সমতল মাটিতে বেডের আকৃতিতে মাটি কেটে আয়তকার ১০ ইঞ্চি গভীরতা ব্লক তৈরি করুন।
- মাটিতে কাটা ব্লকটি বালি দিয়ে ভরে দিন। এটি একটি বেড হয়ে গেল।





বেড়ে কঞ্চিঃ কলম রোপণ

- বালির বেড়ে কঞ্চিঃগুলি ২-৩ ইঞ্চিঃ দূরত্বে সারিবদ্ধভাবে ৩-৫ ইঞ্চিঃ গভীরে ভালভাবে বালি চেপে লাগান।
- বেড়ে কঞ্চিঃ রোপণের পর থেকে ২০-২৫ দিন পর্যন্ত দিনে ২-৩ বার ঝরনা দিয়ে জল সেচ দিন।
- এ সময়ের মধ্যেই কঞ্চিতে নতুন শাখা-প্রশাখা ও পাতা গজিয়ে সম্পূর্ণ বেড সবুজ আকার ধারণ করবে এবং কঞ্চিঃ-কলমের গোড়ায় পর্যাপ্ত শিকড় গজাবে। তখন বেড়ে ধীরে ধীরে জল সেচের পরিমাণ কমিয়ে দিন।



কলম স্থানান্তর ও রোপণ

- শিকড়যুক্ত কলম পলিথিন ব্যাগ বা উপযুক্ত পাত্রে স্থানান্তর করুন। স্থানান্তর করার জন্য ৩:১ অনুপাতে মাটি ও গোবর মিশ্রণ ব্যবহার করুন।
- প্রতিটি ব্যাগে বা পাত্রে একটি করে শিকড় গজানো কঞ্চিঃ কলম স্থানান্তর করুন।
- ৭-১০ দিন কলমটি ছায়ায় রাখুন। এই সময় নিয়মিত দিনে একবার জল দিন।
- এরপর ব্যাগগুলি সারিবদ্ধ ভাবে বেড়ে সাজিয়ে রাখুন। মাঠে রোপণের পূর্ব পর্যন্ত ব্যাগের আগাছা বাছাই করুন ও পরিমিত জল দিন।
- বৈশাখ-জ্যৈষ্ঠ মাসে ১৫-২০ ফুট দূরত্বে দেড় ফুট গভীর ও ১ ফুট চওড়া গর্তে কঞ্চিঃ কলম মাঠে লাগিয়ে দিন।



চার বছরে একটি কঞ্চিঃকলম ঝাড়ে পরিণত হয়।

ছয় বছর হলে আপনি ঝাড় থেকে বাঁশ আহরণ করতে পারবেন।